

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তি যেই হাদীস দিয়ে দলীল গ্রহণ করে এবং বলে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু এই সালাতে উপস্থিত ছিলেন না

ذِكْنُ خَبَرٍ احْتَجَّ بِهِ مَنْ جَهِلَ صِنَاعَةَ الْحَدِيثِ فَزَعَمَ أَنَّ أَبَا هُرَيْرَةَ لَمْ يَشْهَدْ هَذِهِ الْقِصَّةَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا صَلَّى مَعَهُ هَذهِ الصَّلَاةَ

আরবী

2247 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنِ الْحَارِثِ بْنِ شُبَيْلٍ عَنْ أَبِي عَمْرٍ عِيسَى بْنُ يُونُسَ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أَبِي خَالِدٍ عَنِ الْحَارِثِ بْنِ شُبَيْلٍ عَنْ أَبِي عَمْرٍ الشَّيْبَانِيِّ عَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ: كُنَّا نَتَكَلَّمُ فِي الصَلَّلَةِ بِالْحَاجَةِ حَتَّى نَزَلَتْ هَذِهِ الْآيَةُ: { كَافِظُوا عَلَى الصَلَّوَاتِ وَالصَلَّلَةِ الْوُسْطَى وَقُومُوا لله قانتين} [البقرة: 238] فأُمِرنا بالسكوب

الراوي: زَيْد بْن أَرْقَمَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2247 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (875): ق.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَذَا الْخَبَرُ يُوهِمُ مَنْ لَمْ يَطْلُبِ الْعِلْمَ مِنْ مَظَانِهِ أَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ بِالْمَدِينَةِ وَأَنَّ أَبَا هُرَيْرَةَ لَمْ يَشْهَدْ قِصَّةَ ذِي الْيَدَيْنِ وَذَاكَ أَنَّ زَيْدَ بْنَ أَرْقَمَ مِنَ الْأَنْصَارِ وَقَالَ: كُنَّا نَتَكَلَّمُ فِي الصَّلَاةِ بِالْحَاجَةِ وَلَيْسَ مِمَّا يَدْهَبُ إِلَيْهِ الْوَاهِمُ فِي قَيهِ فِي شَيْءٍ مِنْهُ وَذَلِكَ أَنَّ زَيْدَ بْنَ أَرْقَمَ كَانَ مِنَ الْأَنْصَارِ الَّذِينَ أَسْلَمُوا بِالْمَدِينَةِ وَصَلَّوْا بِهَا قَبْلُ هِجْرَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْهَا وَكَانُوا يُصَلُّونَ بِالْمَدِينَةِ كَمَا يُصَلِّي الْمُسْلِمُونَ بِمِكَّةَ فِي إِبَاحَةِ الْكَلَامِ فِي الصَّلَاةِ لَهُمْ فَلَمَّا نُسِخَ ذَلِكَ بِمَكَّةَ نُسِخَ كَمَا كَذَلِكَ بِالْمَدِينَةِ فَحَكَى زَيْدٌ مَا كَانُوا عَلَيْهِ لَا أَنَّ زَيْدًا حَكَى مَا لَمْ يَشْهَدْهُ.



বাংলা

২২৪৭. যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জামানায় (ইসলামের প্রথম দিকে) আমরা সালাতে প্রয়োজনে নিজ সঙ্গীর সাথে কথা বলতাম। অতঃপর এই আয়াত নাযিল হয়, (তোমরা সালাতসমূহের ব্যাপারে বিশেষত মধ্যবর্তী সালাতের ব্যাপারে যত্নবান হও। আর তোমরা আল্লাহর জন্য বিনীতভাবে দাঁড়াও। সুরা আল বাকারা: ২৩৮।)"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "যে ব্যক্তি যথাযথ স্থান থেকে ইলম অর্জন করেনি, তাকে এই হাদীস কোন কোন এই সংশয়ে ফেলে দেয় যে, সালাতে কথা বলা রহিত করা হয় মাদীনায় আর আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাছ আনহু যুলইয়াদাইনের ঘটনার সময় উপস্থিত ছিলেন না। আর যাইদ বিন আরকাম আনসারী সাহাবী হয়ে বলেছেন, "আমরা প্রয়োজনে সালাতে কথা বলতাম।" এই সংশয়গ্রস্থ ব্যক্তি যে মত পোষন করেছে, ব্যাপারটি মোটেও তেমন নয়। কারণ যাইদ বিন আরকাম এমন আনসারী সাহাবী ছিলেন, যারা মদীনায় ইসলাম গ্রহণ করেছিলেন এবং রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের মাদীনায় আগমন করার আগে সেখানে সালাত আদায় করেছেন। সালাতে কথা বলা বৈধতার বিষয়ে তারা মদীনায় সেভাবে সালাত আদায় করতেন, মক্কার মুসলিমগণ যেভাবে সালাত আদায় করতেন। কাজেই কথা বলা যখন মক্কায় রহিত হয়, তখন তা মদীনাতেও রহিত হয়। কাজেই তারা যেই অবস্থায় ছিলেন, যাইদ বিন আরকাম রাদ্বিয়াল্লাছ্ আনহু সেটাই বর্ণনা করেছেন; বিষয়টি এমন নয় যে, যা তিনি দেখেননি, তা বর্ণনা করেছেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৬৮; সহীহ মুসলিম: ৫৩৯; আবূ দাউদ: ৯৪৯; তিরমিযী: ৪০৫; তাবারানী আল কাবীর: ৫০৬৩; সুনান বাইহাকী: ২/২৪৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭২২; সহীহ ইবনু খুয়াইমাহ: ৮৫৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরকাম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন